

আল-আহযাব | Al-Ahzab | الْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ৭৩

আরবি মূল আয়াত:

لِيُعَذِّبَ اللَّهُ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْمُشْرِكِينَ وَالْمُشْرِكَاتِ وَيَتُوبَ
اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ۚ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا ﴿٧٣﴾

অনুবাদসমূহ:

যাতে আল্লাহ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীদের আযাব দেন। আর মুমিন পুরুষ ও মুমিন নারীদের ক্ষমা করে দেন। আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু। — আল-বায়ান

পরিণামে আল্লাহ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীকে শাস্তি দিবেন এবং মুমিন পুরুষ ও মুমিন নারীকে ক্ষমা প্রদর্শন করবেন। আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু। — তাইসিরুল

পরিণামে আল্লাহ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীকে শাস্তি দিবেন এবং আল্লাহ মুমিন পুরুষ ও মুমিনা নারীকে ক্ষমা করবেন। আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। — মুজিবুর রহমান

[It was] so that Allah may punish the hypocrite men and hypocrite women and the men and women who associate others with Him and that Allah may accept repentance from the believing men and believing women. And ever is Allah Forgiving and Merciful. — Sahih International

৭৩. যাতে আল্লাহ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীকে শাস্তি দেন এবং মুমিন পুরুষ ও মুমিন নারীকে ক্ষমা করেন। আর আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।

তাকসীরে জাকারিয়া

(৭৩) পরিণামে আল্লাহ কপট পুরুষ ও কপট নারী এবং অংশীবাদী পুরুষ ও অংশীবাদী নারীকে শাস্তি দেবেন এবং বিশ্বাসী পুরুষ ও বিশ্বাসী নারীর তওবা কবুল করবেন। [1] আর আল্লাহ চরম ক্ষমাশীল, পরম দয়ালু।

[1] এ বাক্যের সম্পর্ক 'বহন করল'-এর সাথে। অর্থাৎ, মানুষকে উক্ত আমানতের যিম্মেদার বানাবার উদ্দেশ্য এই যে, যাতে মুনাফিক ও মুশরিকদের মুনাফিকী ও শিরক এবং মুমিনদের ঈমান প্রকাশ হয়ে যায় এবং সেই

অনুসারে তাদেরকে শাস্তি ও প্রতিদান দেওয়া যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3606>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন